

শিক্ষাব্যবস্থার মৌলিক পরিবর্তন দরকার: শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক
বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করার জন্য যে নতুন প্রজন্মের প্রয়োজন, প্রচলিত শিক্ষাব্যবস্থায় সেই প্রজন্ম গড়ে তোলা সম্ভব নয়। এ জন্য প্রয়োজন শিক্ষাব্যবস্থার মৌলিক পরিবর্তন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব সওয়াল আলী চৌধুরী সিনেট ভবনে গতকাল ডিজিটাল এডুকেশন বিষয়ক এক আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এনব কথা বলেন।

ব্যাকবন ফাউন্ডেশন, সেক্টার অন বাজেট অ্যান্ড পলিসি ও চাবির উন্নয়ন অধ্যয়ন বিভাগের যৌথ উদ্যোগে এই সম্মেলন আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, সবার জন্য আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির জ্ঞানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে হবে। এ জন্য নতুন প্রজন্মকে মানবসম্পদে পরিণত করতে হবে। তা না করতে পারলে টেকসই উন্নয়ন সম্ভব নয়। এমনকি ২০৪০ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করাও সম্ভব হবে না। তিনি বলেন, বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করতে হলে প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, বিশ্ববিদ্যালয় শিক্ষার প্রতিটি পর্যায়েই এ জন্য কম্পিউটারনির্ভর প্রযুক্তির জ্ঞানদানের বিষয়টি নিশ্চিতের পাশাপাশি আমাদের সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক পরিবর্তন ঘটাতে হবে। নতুন প্রজন্মকে গড়ে তুলতে কাজ করতে হবে সবহিকে এক হয়ে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর অধ্যাপক ড. আভিউর রহমান ও সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশে জাপানের রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানাবে। মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাপানের হিতোতসুবাসি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইয়োনেকুরা সেইছিরো। অনুষ্ঠান উদ্বোধন করেন ঢাবির উপাচার্য অধ্যাপক ড. আ আ ম আরেফিন সিদ্দিক।